

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০৫.২০-১১৫৬

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯  
১২ অক্টোবর ২০২২

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
স্থানীয় সরকার বিভাগ  
সিজেএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: ২০২২-২৩ অর্থ বৎসরের এডিপি'তে 'সিলেট সিটি কর্পোরেশনের জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড: ২২৪৩০৭৩০০)-এর অনুকূলে বরাদ্দকৃত অর্থের ২য় কিস্তির অর্থ অবমুক্তি।

স্থানীয় সরকার বিভাগের ০৪ আগস্ট ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০২.০০৫.২০-১১৩ নম্বর সরকারি আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি এ মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা (জিওবি) অংশের বরাদ্দ হতে সিলেট সিটি কর্পোরেশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| বাস্তবায়নকারী<br>সংস্থার নাম<br>ও<br>কোড নং     | প্রকল্পের নাম ও কোড নং  | অনুমোদিত/<br>পিপিপি<br>অনুমোদিত/<br>অননুমোদিত | কিস্তির নাম | ঋণের<br>অর্থের<br>পরিমাণ | বিনিয়োগের<br>অর্থের<br>পরিমাণ | অনুদানের<br>অর্থের<br>পরিমাণ | রাজস্ব<br>খাতের<br>অর্থ | মূলধন<br>খাতের<br>অর্থ | মোট অবমুক্ত<br>অর্থ                      |
|--|---|---|-------------|--------------------------|--------------------------------|------------------------------|-------------------------|------------------------|--|
| (১)  | (২)   | (৩)   | (৪)         | (৫)                      | (৬)                            | (৭)                          | (৮)                     | (৯)                    | (১০)                                     |
| সিলেট সিটি<br>কর্পোরেশন<br>(২২৪৩০৭৩০০<br>০০০০০০) | 'সিলেট সিটি কর্পোরেশনের জলাবদ্ধতা<br>নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও<br>অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্প<br>(প্রকল্প কোড: ২২৪৩০৭৩০০) | অনুমোদিত                                      | ২য় কিস্তি  | -                        | -                              | -                            | ০.০০                    | ৭৫০০.০০<br>লক্ষ        | ৭৫০০.০০ লক্ষ<br>(পাঁচাত্তর<br>কোটি) টাকা |

(ক) উপরোক্ত অর্থ জিওবি অনুদান হিসাবে দেয়া হলো।

(খ) এ ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০২২-২৩) এডিপি বাজেটের মঞ্জুরি নং-৩৪, স্থানীয় সরকার বিভাগের (কোড নং-১৩৭০১) সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নধীন 'সিলেট সিটি কর্পোরেশনের জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্প (প্রকল্প কোড: ২২৪৩০৭৩০০) হতে বহন করা হবে।


২। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ এ অংকের বর্হিভূত)।

৩। এ বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারি বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

৪। নিম্নবর্ণিত শর্তে এ আদেশ জারি করা হলো:

- হাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ ২০০৬, পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- হাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন ২০২৩ এর মধ্যে সরকারি কোষাগারে চালানযোগে জমা প্রদান করতে হবে;
- হাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবেন;
- অনুমোদিত ডিপিপি'র অঙ্গভিত্তিক ব্যয় করতে হবে এবং প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না;
- প্রকল্প সংশ্লিষ্ট টেন্ডার কার্যক্রম ই-জিপির মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।

৫। এ বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংস্থার পক্ষে মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন এ অর্থ উত্তোলন করতে পারবেন।


  
(মোহাম্মদ শামছুল ইসলাম)  
উপসচিব  
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫  
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০  
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০৫.২০-১১৫৬/১(১৩)

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯  
১২ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ উপসচিব, বাজেট-১১ শাখা)।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, নগর ভবন, সিলেট।
৫. মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্মসচিব (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ।
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রকল্প পরিচালক, সিলেট সিটি কর্পোরেশনের জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ শীর্ষক প্রকল্প, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৯. মেয়রের একান্ত সচিব, সিলেট সিটি কর্পোরেশন, নগর ভবন, সিলেট।
১০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল।
১১. বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
১২. অফিস নথি।

  
২২.১০.২০২২  
(মোহাম্মদ শামছুল ইসলাম)  
উপসচিব